২০।

তারিখ ... 0 1 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

দৈনিক ইত্তেফাক

## ভোলায় ৬ শতাধিক এইচএসসি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

দৌলতখান (ভোলা) সংবাদদাতা ॥ ভোলার লালমোহন শাহবাজপুর মহাবিদ্যালয়ের ৬ শতাধিক এইচ, এসসি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত হইয়া পড়িয়াছে। ২ মাস অতিবাহিত হইলেও ইংরেজী ২য় পত্রের স্থগিত পরীক্ষা সম্পর্কে

( ৭ম পৃঃ দ্রঃ )

### ভোলায়

( ৩য় পৃঃ পর)

যশোর বোর্ড কোন সিদ্ধান্ত গ্রহণ করে নাই। গতকাল মঙ্গলবার প্রায় শতাধিক পরীক্ষার্থী ভোলা প্রেসক্লাবে আসিয়া জানায়, তাহারা কলেজ অধ্যক্ষ, যশোর বোর্ডসহ সংশ্লিষ্ট বিভিন্ন স্থানে যোগাযোগ করিয়াও এ ব্যাপারে কোন সদুত্তর পায় নাই।

উল্লেখ্য, গত ২০শে মে ইংরেজী ২য় পত্রের পরীক্ষার দিনে নকল ধরাকে কেন্দ্র করিয়া কিছুসংখ্যক উচ্ছৃংখল ছাত্র ও বহিরাগত লোকজন লাঠিসোটা লইয়া শাহবাজপুর কলেজ কেন্দ্রে হামলা চালায়। তাহারা এডিসি ও টিএনওর গাড়ী পোড়াইয়া দেয়। ঐ থানার ওসির উপর আক্রমণ করিয়া তাহার অয়্যারলেস সেট ছিনতাই করিয়া লইয়া যায়। আলমগীর হোসেন নামে একজন ম্যাজিস্ট্রেটকে লাঞ্ছিত উদ্ভূত পরিস্থিতিতে বোর্ডের নির্দেশে জেলা প্রশাসক আবদুল মান্নান পরীক্ষা কেন্দ্র বাতিল করেন এবং পরবর্তী পরীক্ষাসমূহ ভোলা শহরে অনুষ্ঠিত হয়। ৯৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে প্রায় ৬ শতাধিক পরীক্ষার্থী ভোলায় অনুষ্ঠিত পরবর্তী পরীক্ষায় অংশ নেয়। এখন ইংরেজী ২য় পত্রের স্থগিত পরীক্ষার ব্যাপারে কোন সিদ্ধান্ত না হওয়ায় তাহারা উৎকণ্ঠার মধ্যে রহিয়াছে। ঐ পরীক্ষা অনুষ্ঠিত না হইলে তাহারা সকল পরীক্ষা দিয়াও উত্তীর্ণ হইতে পারিবে না।